# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd

স্মারক নং- ঢাশিবো/বি/২৪২/ইংলিশ/৮৪৫ তারিখঃ ২৮-০৮-২০২৫ খ্রি.

বিষয়ঃ **বিদেশি কারিকুলাম-এ পরিচালিত বেসরকারি বিদ্যালয়ের সাময়িক নিবন্ধন প্রদান প্রসঙ্গে।**

প্রত্যয়ন করা যাচ্ছে, **International School of Mirpur (ISM)**, বাড়ি নং- আই/২/১৩, সড়ক নং- ০১, সেকশন ১৫, কাফরুল, ঢাকা- ১২০৬ কে "রেজিস্ট্রেশন অব প্রাইভেট স্কুলস অর্ডিন্যান্স, ১৯৬২ (Ordinance No. XX of 1962)" এ প্রদত্ত ক্ষমতাবলে প্রণীত "বিদেশি কারিকুলাম-এ পরিচালিত বেসরকারি বিদ্যালয় নিবন্ধন বিধিমালা, ২০১৭ (এস.আর.ও নং- ১৭৩-আইন/২০১৭)" এর ধারা ৩ এর উপ-ধারা ৩ এর বিধান মোতাবেক উক্ত বিদ্যালয়- কে ০১-০১-২০২৫ তারিখ হতে ০২ (দুই) বছরের জন্য মাধ্যমিক (O-Level) এবং উচ্চমাধ্যমিক (A-Level) পর্যায়ে সাময়িক নিবন্ধন প্রদান করা হলো।

**বিধিমালায় বর্ণিত শর্তসমূহ ছাড়াও উক্ত প্রতিষ্ঠানকে নিম্নোক্ত শর্তসমূহ পালন করতে হবেঃ**

১। শিক্ষা বোর্ড বা মন্ত্রণালয়ের অনুমোদন ব্যতিত কোন ব্রাঞ্চ বা শাখা খোলা যাবে না;
২। পত্র ইস্যুর ৩০ (ত্রিশ) দিনের মধ্যে নির্ধারিত ফি জমা পূর্বক EIIN এবং Password গ্রহণ করতে হবে;
৩। বিধিমালার ৬(৪) ধারা মোতাবেক বার্ষিক মূল্যায়ন প্রতিবেদন দাখিল করতে হবে;
৪। প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারী নিয়োগের ক্ষেত্রে দৈনিক পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশসহ বিধিমালার ১২ ধারা যথাযথ অনুসরণ করতে হবে;
৫। উক্ত বিধিমালার ১৪ ধারা মোতাবেক প্রতিষ্ঠানের জন্য নির্ধারিত ভূমি ও ভবন থাকতে হবে এবং উপ-ধারা ৪ মোতাবেক ৫ (পাঁচ) বছরের মধ্যে প্রতিষ্ঠানের নামে নিজস্ব মালিকানাধীন ভূমি ও ভবনে প্রতিষ্ঠান স্থানান্তর করতে হবে;
৬। উক্ত বিধিমালার ১৫ ধারা যথাযথভাবে অনুসরণ পূর্বক শ্রেণিভিত্তিক পাঠদান করাতে হবে;
৭। বিধিমালার ১৯ ধারা অনুযায়ী টিউশন ফি, ভর্তি ফি, সেশন চার্জ ও অন্যান্য ফি সংক্রান্ত বিধি অনুসরণ করতে হবে। কোন অবস্থাতেই ভর্তির বিপরীতে বা পুনঃভর্তির নামে শিক্ষার্থীর কাছ থেকে বর্ধিত ফি বা অনুদান গ্রহণ করা যাবে না;
৮। বিধিমালার ২০(৩) ধারা অনুযায়ী সরকার অনুমোদিত অডিট ফার্ম দ্বারা বার্ষিক অডিট সম্পন্ন করে প্রতিবেদন দাখিল করতে হবে;
৯। প্রতিষ্ঠানের নামে সংরক্ষিত তহবিলে ন্যূনতম ৫,০০,০০০/- এবং সাধারণ তহবিলে ন্যূনতম ২,০০,০০০/- রাখতে হবে। যা বোর্ডের পূর্বানুমতি ব্যতিরেকে উত্তোলন করা যাবে না;
১০। ফলাফল মানসম্মত হতে হবে। O-Level এবং A-Level স্তরের চূড়ান্ত ফলাফলের অনুলিপি জমা দিতে হবে;
১১। পরিষ্কার-পরিচ্ছন্ন পরিবেশসহ ও স্বাস্থ্যসম্মত টয়লেট সুবিধা নিশ্চিত করতে হবে;
১২। জাতিসংঘ শিশু অধিকার সনদ, ১৯৮৯ এর আলোকে শিশুদের অধিকার নিশ্চিত করার লক্ষ্যে যথাযথ পদক্ষেপ গ্রহণ করতে হবে;
১৩। যথাযোগ্য মর্যাদায় বাংলাদেশের জাতীয় দিবস এবং সরকার কর্তৃক নির্দেশিত দিবসসমূহ পালন করতে হবে;
১৪। সাময়িক নিবন্ধনের মেয়াদ অতিক্রান্ত হওয়ার অন্যূন ৬০ দিন পূর্বে নির্ধারিত ফি জমা পূর্বক নিবন্ধনের আবেদন করতে হবে;
**১৫। প্রতিষ্ঠানের জন্য ভাড়াকৃত ভবনে এ প্রতিষ্ঠান ব্যতিত অন্য কোন কার্যক্রম বা অন্য কোন প্রতিষ্ঠান পরিচালনা করা যাবে না;**
১৬। শিক্ষা বোর্ড কর্তৃপক্ষ ০৫-০৬-২০১৭ তারিখে জারিকৃত বিধিমালার ২৩ উপবিধি অথবা ৬ উপবিধির অধীন রেজিস্ট্রেশন স্থগিতের ক্ষমতা সংরক্ষণ করে।

চেয়ারম্যানের অনুমোদনক্রমে

স্বা/-

**প্রফেসর কাজী ফয়জুর রহমান**
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা
☎ ০২-৫৮৬১০০৬৯
ই-মেইলঃ is@dhakaeducationboard.gov.bd

অধ্যক্ষ
ইন্টারন্যাশনাল স্কুল অব মিরপুর
বাড়ি নং- আই/২/১৩, সড়ক নং- ০১, সেকশন ১৫,
কাফরুল, ঢাকা- ১২০৬

মেমো নং- ৮৪৫(৭) তারিখঃ ২৮-০৮-২০২৫ খ্রি.

**সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে):**

১। সিনিয়র সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা;
৩। জেলা প্রশাসক, ঢাকা;
৪। কান্ট্রি ম্যানেজার, বাংলাদেশ ক্যামব্রিজ অ্যাসেসমেন্ট ইন্টারন্যাশনাল এডুকেশন, বাড়ি- ৩১, রোড-৪, ব্লক- এফ, বনানী, ঢাকা-১২১৩;
৫। রিজিওনাল ডেভেলপমেন্ট ম্যানেজার
পিয়ারসন এডেক্সেল (বাংলাদেশ ও নেপাল), AUGMEDIX ভবন, স্যুট- ৫০২ (লেভেল-৫), ১৭/সি পান্থপথ, ঢাকা;
৬। পরিচালক/প্রতিষ্ঠাতা,
ইন্টারন্যাশনাল স্কুল অব মিরপুর (আইএসএম), বাড়ি নং- আই/২/১৩, সড়ক নং- ০১, সেকশন ১৫, কাফরুল, ঢাকা- ১২০৬;
৭। পিএস টু চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা;
৮। অফিস কপি।

২৮/৮/২৫

বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

২০.০৪.২০২৫